

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মির্জাপুর, টাঙ্গাইল।



mirzapur.tangail.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৯৩৭৭.০০০.১৬.০৪১.২১ - ৩৮৬

তারিখ: ০৩ আশ্বাঢ় ১৪২৮
২৭ জুন ২০২১

ডেজড ম্যাটেরিয়াল (বালু) বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, টাঙ্গাইল এর কার্যালয়ে ২৫ মে ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত “জেলা ডেজিং ও ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা কমিটি”র সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল কর্তৃক “বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার প্রকল্প” শীর্ষক প্রকল্পের আওতায় মির্জাপুর উপজেলায় বাস্তবায়নধীন বংশাই নদী (দুই নদীর মোহনা গোড়াইল/ত্রিমোহন, যোগীরকোফা, গোড়াই পালপাড়া/খামারপাড়া, গোড়াই মোইশালপাড়া ও চিতেশ্বরী) ডেজিং কাজে উত্তোলিত বালু (উত্তোলিত ডেজড ম্যাটেরিয়াল- ৬৯,০৫,৭২৬ ঘনফুট এবং প্রতি ঘনফুট সর্বনিম্ন ১.০০ টাকা) বিক্রির নিমিত্ত নিয়োক্ত আরোপিত শর্ত সাপেক্ষে আগ্রহীদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের বিবরণঃ

ক্রমিক নং	লটের বিবরণ	বালুর পরিমাণ (ঘনফুট)	সর্বনিম্ন দর (ঘনফুট) টাকা	দরপত্র জামানত (টাকা)	সিডিউলের মূল্য (টাকা)	বালু অপসারণের সময়সীমা
০১.	লট-০১	৬৯,০৫,৭২৬	১.০০/-	১,৭২,৬৪৩/-	১,০০০/-	৬০ দিন

দরপত্র ফরম সংগ্রহ ও দাখিলের সময়সমূহঃ

ক্রমিক নং	দরপত্র বিক্রির শুরু - শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়
০১	২৪/০৬/২০২১ হতে ০৭/০৭/২০২১ খ্রি. (অফিস চলাকালীন সময়)	০৮/০৭/২০২১ খ্রি.	সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা	০৮/০৭/২০২১ খ্রিষ্টাব্দ, বিকাল ৪.০০ টা

দরপত্র বিক্রয় ও গ্রহণের স্থানঃ ০১। জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল ০২। পুলিশ সুপারের কার্যালয়, টাঙ্গাইল ০৩। নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল ০৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মির্জাপুর, টাঙ্গাইল।

দরপত্রের শর্তাবলীঃ

০১. আগ্রহী ব্যক্তিকে উপরোক্ত কার্যালয়সমূহ হতে নির্ধারিত নগদ মূল্যে অথবা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “উপজেলা নির্বাহী অফিসার” মির্জাপুর, টাঙ্গাইল এর অনুকূলে জমা প্রদান পূর্বক দরপত্র সিডিউল ক্রয় করতে পারবেন।
০২. আগ্রহী ব্যক্তিকে জামানতবাবদ ছকে উল্লেখিত টাকার সমপরিমাণ টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যে কোন তফসিল ব্যাংক) “উপজেলা নির্বাহী অফিসার” মির্জাপুর, টাঙ্গাইল এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করতে হবে।
০৩. দরদাতাকে দরপত্রের সহিত ০১ কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, ও নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।
০৪. সর্বোচ্চ দর প্রদানকারীকে NOA(Notification of Award) প্রদানের পর ১৫ দিনের মধ্যে দরপত্র দাখিলকৃত সমুদয় টাকা পরিশোধসহ উদ্বৃত্ত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট (কোড নং ১-১১৩৩-০০৩৫-০৩১১) এবং ৫% আয়কর (কোড নং ১-১১৪১-০১২০-০১১১) সোনালী ব্যাংক লিঃ, মির্জাপুর, শাখায় জমা প্রদান করে ৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তি সম্পাদন করতে হবে।
০৫. জমিতে গর্ত করে কোন বালু সংগ্রহ করা যাবে না এবং নদী থেকে কোন বালু সংগ্রহ করা যাবে না। সর্বোচ্চ দরদাতাকে নিজ খরচে নির্ধারিত সময়ের মধ্যে বালু অপসারণ করতে হবে।
০৬. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল হিসেবে গণ্য হবে।
০৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ হাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা ডেজিং ও ডেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা কমিটি
মির্জাপুর, টাঙ্গাইল।